

# ‘রাজস্ব মামলায় এনবিআরের প্রতিনিধি থাকতে হবে’

[এম এ রহমান](#) :রাইজিংবিডি ডট কম

Published:17 Nov 2015 09:15:32 PM Tuesday || Updated:17 Nov 2015  
11:11:26 PM Tuesday



**অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত**

**অর্থনৈতিক প্রতিবেদক :** অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, ‘রাজস্ব সংক্রান্ত মামলায় জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি বা আইন কর্মকর্তা উপস্থিত না থাকার প্রবণতা আছে। দেশের স্বার্থে মামলায় অন্তত একজন প্রতিনিধি উপস্থিত থাকতে হবে।’

মঙ্গলবার সন্ধ্যায় রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে ‘রাজস্ব মামলার ব্যবস্থাপনা ও বিকল্প বিরোধ নিষ্পত্তির কার্যকারিতা’ শীর্ষক এক সেমিনারে বিশেষ অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

তিনি আরো বলেন, মামলার জট কমাতে সুপ্রিম কোর্টে এনবিআরের একটি সেল থাকা উচিত। সেখানে অন্তত এনবিআরের একজন প্রতিনিধি নিয়মিত উপস্থিত থাকবেন।

উপস্থিত এক বিচারপতির বক্তব্যের সঙ্গে একমত পোষণ করে অর্থমন্ত্রী বলেন, ‘অনেক আশা নিয়ে বিকল্প বিরোধ নিষ্পত্তি (এডিআর) প্রবর্তন হলেও আমরা এ বিষয়

নিয়ে সেরকম সাড়া পাচ্ছি না। এ বিষয় নিয়ে ব্যবসায়ী ও এনবিআরের মধ্যে পারস্পরিক সহযোগিতা বাড়ানো প্রয়োজন। বর্তমানে এডিআর বিকল্প বিরোধ নিষ্পত্তি না হয়ে এডিশনাল বিরোধ নিষ্পত্তিতে পরিণত হয়েছে।’

‘মুক্তিযুদ্ধের সময় যে ধ্বংসলীলা হয়, সেখান থেকে আমরা উঠে এসেছি। একসময় জাতীয় আয়ের ১০ শতাংশ আসত বৈদেশিক সাহায্য থেকে। তখন অভ্যন্তরীণ খাত থেকে পেতাম মাত্র ৪ শতাংশ। এ অবস্থা থেকে আজ উত্তরণ ঘটেছে। এখন ৩ লাখ কোটি টাকার বাজেট হচ্ছে। আশা করছি, আগামিতে ৫ লাখ কোটি টাকার বাজেট হবে’, বলেন অর্থমন্ত্রী।

সেমিনারে এডিআর কার্যকরে বিলম্ব হওয়ার বেশকিছু কারণ চিহ্নিত করা হয়। এর মধ্যে রয়েছে আইনগত বিধি-বিধান সম্পর্কে করদাতা ও আইন প্রয়োগকারীদের মধ্যে ব্যাখ্যাগত মতপার্থক্য, বিলম্বে রাজস্ব দেওয়ার প্রবণতা, হাইকোর্টে গঠিত বেঞ্চের অপরিপূর্ণতা, অ্যাটর্নি জেনারেলের দফতরে রাজস্ব মামলা পরিচালনায় দায়িত্বপ্রাপ্ত আইন কর্মকর্তার স্বল্পতা, হাইকোর্টের আদেশ প্রদান ও বাস্তবায়নের জন্য প্রদত্ত সময়স্বল্পতার কারণে জটিলতা সৃষ্টি।

রাজস্ব মামলা নিষ্পত্তি দ্রুততর করতে বেশকিছু প্রস্তাবনার কথা বলা হয়। এগুলো হলো- রাজস্ব মামলার বিচারের জন্য বিশেষায়িত বেঞ্চের সংখ্যা বাড়ানো, রাষ্ট্রের পক্ষে অধিক সংখ্যক আইন কর্মকর্তা নিয়োগ, আয়কর, শুল্ক ও ভ্যাট আইন সম্পর্কে নিবিড় প্রশিক্ষণ, অধিক রাজস্ব জড়িত এমন মামলা অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত নিষ্পত্তি করা, মামলা দাখিলকারী বাদীর আরজির সফট কপি সুপ্রিম কোর্টের ওয়েবসাইটে আপলোড করা, মামলার আরজিসহ দাখিল, শুনানি ও রায় সংক্রান্ত হালনাগাদ তথ্য সুপ্রিম কোর্টের ওয়েবসাইট থেকে এনবিআরের সাইটে সয়ংক্রিয়ভাবে স্থানান্তর, সুপ্রিম কোর্টের রায় দ্রুত কার্যকর করা ও প্রদত্ত নির্দেশনা অন্যান্য ক্ষেত্রেও বাস্তবায়ন নিশ্চিত করা, যেসব মামলায় সরকার পরাজিত হয় ওই মামলাগুলোর আপিল দায়ের ও এনবিআরের মামলা মনিটরিংয়ের জন্য একাধিক অ্যাডভোকেট অন রেকর্ড (এওআর) নিয়োগ ও নির্দিষ্টকরণ, নির্দিষ্ট বেঞ্চগুলোর প্রতিটির জন্য অন্তত একজন ডিএজি ও এএজি সার্বক্ষণিক নিয়োগ।

সেমিনারে প্রধান অতিথি ছিলেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা। এনবিআর চেয়ারম্যান মো. নজিবুর রহমানের সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসেবে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত, প্রাক্তন আইনমন্ত্রী ব্যারিস্টার শফিক আহমেদ, অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম ও এফবিসিসিআই সভাপতি আব্দুল মাতলুব আহমাদ উপস্থিত ছিলেন।

সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন কর কমিশনার মো. আলমগীর হোসেন।